ভোরের কাগজ

FEB. 1 3 2002

তারিখ ... পৃষ্ঠা ... কলাম ...

### জাতীয় শিক্ষা সপ্তাহ উদ্বোধনী অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী

# বিশ্বায়নের চ্যালেঞ্জ মোকাবিলায় শিক্ষা ব্যবস্থায় বিপ্লবী পরিবর্তন আনতে হবে

কাগজ প্রতিবেদক : জাতীয় শিক্ষা সপ্তাহ ২০০২ উদ্বোধন করতে গিয়ে শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক বলেছেন, প্রচলিত শিক্ষা ব্যবস্থায় বিপ্লবী পরিবর্তন আনতে হবে। তা না হলে বিশ্বায়নের চ্যালেঞ্জ মোকাবিলার জন্য দক্ষ জনশক্তি তৈরি হবে না।

গতকাল মঙ্গলবার ওসমানী স্মৃতি মিলনায়তনে শিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগে জাতীয় শিক্ষা সপ্তাহের উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এবার শিক্ষা সপ্তাহের প্রতিপাদ্য 'বিশ্বায়নের চ্যালেঞ্জ মোকাবিলায় শিক্ষা'। নায়েমের সাবেক মহাপরিচালক ড. মোঃ আনোয়ারুল হকের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন শিক্ষা প্রতিমন্ত্রী আ ন ম এহসানুল হক মিলন, উপমন্ত্রী আবদুস সালাম পিন্টু, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক আব্দুর রশীদ এবং শিক্ষা সচিব মোহাম্মদ শহীদুল আলম।

শিক্ষামন্ত্রী বলেন, দেশের ৬ থেকে ৭ কোটি লোক দারিদ্র্যসীমার নিচে বসবাস করে। এই বিপুলসংখ্যক জনগোষ্ঠীর জীবনযাত্রার মান বাড়াতে হলে এই মুহূর্তে সবচেয়ে বেশি জরুরি মান সম্পন্ন সময়োপযোগী শিক্ষা। সেজন্য শিক্ষার সবস্তরে বিপ্লবী পরিবর্তন আনতে হবে।

শিক্ষা প্রতিমন্ত্রী আ ন ম এহসানুল হক মিলন বলেন, বর্তমান সরকার প্রধান খালেদা জিয়া শিক্ষা প্রতিষ্ঠান থেকে সন্ত্রাস, নৈরাজ্যের শেকড় উৎপাটনে বদ্ধপরিকর।

প্রতিমন্ত্রী বলেন, সেজন্য শিক্ষক-অভিভাবকসহ সকলকে একযোগে সন্ত্রাসের বিরুদ্ধে পদক্ষেপ নিতে হবে।

শিক্ষা উপমন্ত্রী আব্দুস সালাম পিন্টু শিক্ষকদের শিক্ষার মেরুদণ্ড হিসেবে উল্লেখ করে বলেন, শিক্ষকদের অবশ্যই দক্ষ এবং উপযুক্ত প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে।

উপমন্ত্রী বলেন, আগামী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় কঠোরভাবে নকল দমন করা হবে, যাতে করে পরীক্ষাকে দুর্নীতিমুক্ত রাখা যায়।

উল্লেখ্য, গতকাল থেকে শুরু হওয়া শিক্ষা সপ্তাহের সমাপনী অনুষ্ঠান হবে ১৪ ফেব্রুয়ারি বৃহস্পতিবার।